

ভূগোল (অনার্স/পি.জি.)

- ১। শিলার অঙ্গার যোজন কীভাবে ঘটে? ২। চরম ও আপেক্ষিক ব্যাপ্তিস্থানের মধ্যে পার্থক্য কী? ৩। ভূগোলে বাস্তুতান্ত্রিক দৃষ্টিভঙ্গির গুরুত্ব কী? ৪। কখন, কীভাবে ধোঁয়াশার উৎপত্তি হয়? ৫। বিন্দু, রেখা, এলাকা ও পিক্সেল কী অর্থ প্রকাশ করে? ৬। জেট প্রভাব কাকে বলে? ৭। তিষ্ঠ ও গমন করো নিয়ন্ত্রণবাদ কাকে বলে? ৮। অশ্ব অক্ষাংশ ও ডোলড্রোমের মধ্যে পার্থক্য কী? ৯। সাবডাকশান ও স্প্রেডিং জোনের মধ্যে পার্থক্য কী? ১০। সেরাল উদ্ভিদ ও ক্লাইম্যাক্স উদ্ভিদের মধ্যে পার্থক্য কী? ১১। ভারতীয় জরিপ সংস্থাকৃত ভূসংস্থান মানচিত্রে স্কেল ও মানচিত্র সংখ্যার মধ্যে সম্পর্ক দেখান। ১২। পারমাণবিক শক্তি উৎপাদনের সুবিধা-অসুবিধাগুলি কী? ১৩। ভারতে শুম্ব কৃষির বৈশিষ্ট্য কী? ১৪। অভিকর্ষ বিচ্যুতি বলতে কী বোঝায়? ১৫। আইসোটিম ও আইসোডোপেনের মধ্যে পার্থক্য দেখান। ১৬। পরিবেশগত বাস্তুহারা বলতে কী বোঝায়? ১৭। পেডিমেন্ট ও ইনসেলবার্গের মধ্যে পার্থক্য কোথায়? ১৮। উপকূল ও তটভূমির মধ্যে পার্থক্য দেখান। ১৯। ভারতের কোন্ পরিবহণ সবথেকে কম খরচের? ২০। পশ্চিমঘাট পর্বতের পূর্বে রেগুর মৃত্তিকা এবং পশ্চিমে ল্যাটেরাইট মৃত্তিকা দেখা যায় কেন? ২১। মানবসম্পদ অনুযায়ী পৃথিবীর উত্তর-দক্ষিণ বিভাজনের তাৎপর্য ব্যাখ্যা করুন। ২২। মার্কস কীভাবে ম্যালথাসের জনসংখ্যা তত্ত্বের সমালোচনা করেছিলেন? ২৩। গড় বিচ্যুতি ও সম্যক বিচ্যুতি কাকে বলে? ২৪। বাস্তুকুলুঙ্গি ও বায়োসের মধ্যে পার্থক্য দেখান। ২৫। Af এবং Am জলবায়ুর মধ্যে পার্থক্য দেখান। ২৬। মূল শিল্প ও অনুসারী শিল্প কাকে বলে? ২৭। মাটির অম্লতার পার্থক্যের সাথে সেই স্থানের বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণের পার্থক্য উদাহরণসহ দেখান। ২৮। সংযুক্তি ও চ্যুতির মধ্যে পার্থক্য দেখান। ২৯। ভারতে 'অংশীদারি বন সংরক্ষণ' কাকে বলে? ৩০। 'মানুষ-জমি অনুপাত' এবং 'জনসংখ্যা ঘনত্ব'-এর পার্থক্য কী?